

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অধ্যক্ষের কার্যালয়  
 ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
 ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।  
[fireservicetc.portal.gov.bd](http://fireservicetc.portal.gov.bd)

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকায় অনুষ্ঠিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ০৯ সেপ্টেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ নইমুল আহছান ভূঁইয়া  
 অধ্যক্ষ  
 সভার তারিখ : ০৯ সেপ্টেম্বর, ২০২৩  
 সময় : ১০.৩০-১১.৩০ ঘটিকা  
 স্থান : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকার সম্মেলন কক্ষ।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকায় অনুষ্ঠিত “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪” এর বাস্তবায়নে “নৈতিকতা কমিটির সভা” এবং “সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ত্রৈমাসিক সভায়” উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা পর্যালোচনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	ধন্যবাদ প্রস্তাব	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর বাস্তবায়ন অগ্রগতির সভার উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	সভাপতি
২.	সুশাসন প্রতিষ্ঠার বিষয় সংক্রান্ত	ট্রেনিং কমপ্লেক্সের কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য ই-নথি প্রশিক্ষণের আয়োজন করতে হবে। ট্রেনিং কমপ্লেক্সে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের চাকরি ও সুশাসন প্রতিষ্ঠায় দুর্নীতিরোধ ও মাদক বিরোধী বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের নিয়মিত আয়োজন করতে হবে এবং সকল প্রশিক্ষার্থীদের মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধি করতে হবে। ট্রেনিং কমপ্লেক্সের বিভিন্ন দেয়ালে দুর্নীতিরোধ ও মাদক বিরোধী স্লোগানযুক্ত ব্যানার ফেস্টুন স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপাধ্যক্ষ ও ফোকাল পয়েন্ট মোহাম্মদ মামুন, এ্যাডজুটেন্ট
৩.	ওয়েবসাইট হালনাগাদ করণ	সেবা সহজীকরণের লক্ষ্যে ট্রেনিং কমপ্লেক্স এর ওয়েবসাইটের নির্ধারিত কন্টেন্টে সিটিজেন চার্টার এবং ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাবলি নির্দিষ্ট সময়ের মধ্যে আপলোড নিশ্চিত করবে।	আরিফুল ইসলাম ড্রাফটসম্যান
৪.	অধস্তন শাখা পরিদর্শন	ট্রেনিং কমপ্লেক্স এর আওতাধীন সকল শাখার কার্যক্রম সুচারুভাবে পরিচালনার লক্ষ্যে প্রতি মাসে পরিদর্শন করতে হবে।	মোঃ আলাউদ্দীন প্রশিক্ষক
৫.	অফিসে নিয়মিত উপস্থিতি	অফিসে সময়মত উপস্থিত ও অফিস ত্যাগের শিষ্টাচার পালনে সকলকে আন্তরিক হতে হবে। অফিসে যথাসময়ে না আসলে তার বিরুদ্ধে অফিসিয়াল ব্যবস্থা নিতে হবে এবং অফিস চলাকালীন অফিস ত্যাগ করার ক্ষেত্রে উপাধ্যক্ষের অনুমতি নিতে হবে।	মোহাম্মদ মামুন পিও কাম এ্যাডজুটেন্ট
৬.	বিদ্যুৎ এবং পানির সঠিক ব্যবহার	ট্রেনিং কমপ্লেক্সের সকল ভবনের বিদ্যুৎ এর সঠিক ব্যবহার এবং পানি অপচয় রোধ করতে সকলকে সচেতন থাকার বিষয়ে পরামর্শ দেওয়া হয়।	সকল কর্মকর্তা/কর্মচারী
৭.	সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ	সরকারি যানবাহন ব্যবহারের নীতিমালা মেনে যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।	মোঃ নুরুল ইসলাম ডিএডি

সভায় অন্য কোন আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অধীনস্থ সকলের অবগতি ও বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



মোঃ নইমুল আহছান ভূঁইয়া

অধ্যক্ষ

☎ - ৪৮০৩১৬১৬


ইমেইল- ptc@fireservice.gov.bd

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০৪.২৫.১৬১.২৩- ১৬৮৮ (২০)

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩০  
২১ সেপ্টেম্বর ২০২৩

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলোঃ

- ১। পরিচালক (প্রশাঃ ও অর্থ/পরিঃ উন্নঃ প্রশিঃ/অপাঃ ও মেইন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ঢাকা।
- ২। পিও কাম এ্যাডজুটেন্ট, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৩। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। জনাব \_\_\_\_\_, প্রশিক্ষক/সহকারী প্রশিক্ষক/জুনিয়র প্রশিক্ষক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৫। জনাব \_\_\_\_\_ সুপার/উচ্চমান সহকারী কাম ক্যাশিয়ার/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৬। জনাব \_\_\_\_\_, \_\_\_\_\_, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।



মোঃ মানিকুজ্জামান

উপাধ্যক্ষ

☎ - ৪৮০৩১৮১৮

ইমেইল-vptc@fireservice.gov.bd